বাংলাদেশ পর্যটন করপোরেশন
প্রশাসন বিভাগ
৮৩-৮৮, বীর উত্তম এ. কে খন্দকার সড়ক
মহাখালী বা/এ, ঢাকা-১২১২।

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে বাপক এর সাথে স্টেকহোল্ডারদের নিয়ে "Product Identifications & Development Strategies" শীর্ষক অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ মিজানুর রহমান
পরিচালক (অর্থ ও প্রশাসন)
বাংলাদেশ পর্যটন করপোরেশন

সভার তারিখ : ৩০-০৩-২০১৭
সভার সময় : বেলা ৩.০০ ঘটিকা
সভার স্থান : কনফারেন্স হল, হোটেল অবকাশ।

উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

সভার শুরুতে সভাপতি ও পরিচালক (অর্থ ও প্রশাসন) উপস্থিত সকল অংশীজনকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জনাব জিয়াউল হক হাওলাদার, ব্যবস্থাপক, জনসংযোগ-কে "Product Identifications & Development Strategies" এর উপর পাওয়ার পয়েন্টে বক্তব্য উপস্থাপনের জন্য অনুরোধ জানান। জনাব জিয়া উক্ত উপস্থাপনার অংশ হিসেবে Tourism Product এবং Development Strategies বিষয়ে বিস্তারিত ব্যাখ্যা প্রদান করেন। সভাপতি এ পর্যায়ে আমন্ত্রিত স্টেকহোল্ডার ও বাপক এর কর্মকর্তাগণকে উন্মুক্ত আলোচনার আহবান জানালে তাঁরা গুরুত্বপূর্ণ মতামত/সুপারিশ প্রদান করেন। সম্মানিত অংশীজন যে সকল মতামত/সুপারিশ প্রদান করেন তার সংক্ষিপ্তসার নিম্নে বর্ণিত হলো:

২.০০ জনাব মোঃ মহিউদ্দিন হেলাল, এডিটর, পর্যটন বিচিত্রা

তিনি "Product Identifications & Development Strategies" বিষয়ে আলোচনায় অংশ নিয়ে সেবিষয়ে একটি পাওয়ার পয়েন্ট উপস্থাপনা করেন। তিনি একটি কার্যকর "Product Identifications & Development Strategies" প্রণয়নের নিমিত্ত কয়েকটি বিষয় বিবেচনার জন্য তাঁর উপস্থাপনায় তুলে ধরেন। তিনি বলেন যে, কার্যকর Development Strategies প্রণয়নের জন্য সর্বাগ্রে পণ্য এবং গন্তব্য চিহ্নিত করতে হবে। সম্পদ বা পণ্য এর একটি বিস্তারিত তালিকা করা প্রয়োজন। সব পণ্য নিয়ে একসাথে কাজ করা সম্ভব নয় । প্রয়োজন পণ্য/সম্পদ এর flagship করা। এর সাথে প্রয়োজন হবে স্থানীয় জনগোষ্ঠীর সাথে সংলাপ,Target group analysis, স্থানীয় জনগোষ্ঠীর জীবনধারা ইত্যাদি সম্পর্কে বিস্তারিত তথ্য আহরণ এবং তাঁদের জন্য প্রাসংগিক ট্রেনিং এর প্রয়োজনীয়তা নিরূপন করা । তবেই একটি কার্যকর Development Strategies তৈরি করা সম্ভব হতে পারে।

৩.০০ সৈয়দ ফারুক হাসান, ট্যুর প্লানারস

সৈয়দ ফারুক হাসান সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বলেন কাপ্তাই লেকে যেসব নৌকা আছে সেগুলো হচ্ছে শ্যালো ইঞ্জিনের নৌকা যেটিতে চলাচলের সময় প্রচুর শব্দ হয়। তাই তিনি বাপককে কাপ্তাই লেকে শ্যালো ইঞ্জিনের নৌকার পরিবর্তে ওয়াটার বাস চালু করার জন্য দাবী জানান।

৪.০০ জনাব মোঃ মাসুদ হোসেন, বেঙ্গল ট্যুরস

তিনি আলোচনায় অংশ নিয়ে Product Development Strategies এর বৃহৎ পরিসরের কথা উল্লেখ করে বলেন যে, অবকাঠামো, সেবা, এবং সুযোগ সুবিধার মাধ্যমে ভিজিটরস এবং ডেস্টিনেশনকে সংযোগ করে যে বিষয় সেটাই হচ্ছে Product। তিনি আরও বলেন একটা Individual Product এর তিনটি বৈশিষ্ট্য থাকে সেটা হচ্ছে তাঁর কার্যকারিতা, সুযোগ-সুবিধা এবং কিছু উপাদান। সে প্রেক্ষিতে তিনি সুন্দরবনের কথা উল্লেখ করেন। সুন্দরবনের একট নিজস্ব আকর্ষণ আছে। পৃথিবির সর্ববৃহৎ ম্যানগ্রোভ ফরেস্ট সুন্দরবনের এই নিজস্ব আকর্ষণকে ধরে রাখার জন্য যে যে উপাদানগুলো যোগ করতে হবে এবং সেটা কি ভাবে করা যাবে তাকেই সীমিত অর্থে Product Development Strategies বলা যাবে। তিনি বলেন একজন পর্যটক একটা পর্যটনপণ্যকে তিনভাবে ( Experiential, Emotional and physical Response) বিশ্লেষণ করে। তিনি আরও বলেন ২০০২ সালে প্রকাশিত কেপটাউন ডিক্লারেশনের (জনগোষ্ঠী, সংস্কৃতি, ঐতিহ্য, প্রকৃতি) ভিত্তিতে এ পর্যন্ত সকল Product Development Strategies তৈরি হচ্ছে। এছাড়া পর্যটন পণ্য উন্নয়ন কৌশল এর ক্ষেত্রে আরেকটি উল্লেখযোগ্য বিষয় হচ্ছে ট্যুরিজম ভেনু পরিবর্তন এবং পর্যটন পণ্য উন্নয়নের জন্য তিনটি বিষয় খুবই গুরুত্বপূর্ণ যেমন: প্রাতিষ্ঠানিক অবকাঠামো, সমন্বয় ও সহযোগিতামূলক কার্যক্রম এবং পরিকল্পনা পদ্ধতি। তিনি পর্যটন পণ্য উন্নয়ন কৌশল নিরূপনের ক্ষেত্রে আন্তর্জাতিক বাজার নির্ধারণ/Target Group

analysis, পর্যটন গন্তব্য অনুযায়ী পর্যটন পণ্য নির্বাচন, আর্থ-সামাজিক অবস্থার অগ্রাধিকার বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। পরিশেষে Product Development Strategies এর জন্য নির্দিষ্ট সময় ও বাজেট দিয়ে Academician, Govt. Officials, Stakeholder দের সমন্বয়ে একটি কমিটি গঠন করার প্রস্তাব সভায় পেশ করেন।

৫.০ **ড: এ, আর খান, বিভাগীয় প্রধান, ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ, প্রাইম এশিয়া ইউনিভার্সিটি ঃ**

তিনি আলোচনার প্রারম্ভে সকলকে ধন্যবাদ জানান এবং সুন্দর উপস্থাপনার জন্য জনাব জিয়াউল হক হাওলাদারকে ধন্যবাদ জানান। তিনি ইউনিভার্সিটিগুলোর ছাত্রছাত্রীদের ভ্রমণ এবং বিভিন্ন অনুষ্ঠান আয়োজনের ক্ষেত্রে ইউনিভার্সিটি গ্রান্ড কমিশন হতে পত্রের মাধ্যমে প্রাপ্ত সীমাবদ্ধতার বিষয়টি উল্লেখ করেন। তিনি বলেন নেত্রকোনার বিরিশিরি হচ্ছে পৃথিবীর একমাত্র জায়গা যেখানে নদী, পাহাড় এবং সমতল ভূমির একসাথে সংমিশ্রন রয়েছে। এই Product টি বাংলাদেশের অন্যতম পর্যটন কেন্দ্র হতে পারে বলে মত প্রকাশ করেন।এর জন্য প্রয়োজন সেখানে পরিবহন, আবাসন, আপ্যায়ন, বিনোদন এর ব্যবস্থার মাধ্যমে পরিপূর্ণ পণ্য হিসেবে চিহ্নিত করা। এ উদ্যোগ নিবে কারা এ বিষয়ে তিনি প্রশ্ন রাখেন। এছাড়া নীতিনির্ধারকদের সম্পৃক্ততা, স্থানীয় লোকের প্রশিক্ষণ, স্থানীয় নেতৃবৃন্দের সম্পৃক্তকরণ, সাংবাদিকদের সম্পৃক্তকরণ,সপ্তাহে একদিন দৈনিক পত্রিকাগুলোর একপাতা পর্যটন সংক্রান্ত খবরের জন্য বরাদ্দকরণ, সকল শিক্ষা প্রতিষ্ঠানে পর্যটন ক্লাব গঠন করা ইত্যাদি বিষয়ের উপর বিস্তারিত আলোচনা করেন।

৬.০০ **জনাব মো: তৌফিকুর রহমান, ব্যবস্থাপনা পরিচালক, জার্নিপ্লাস লি:**

আলোচনায় অংশ নিয়ে তিনি Product Identifications & Development Strategies বিষয়ে বলেন Product গুলো কাদের (দেশি/বিদেশি পর্যটক) জন্য তৈরি করা হবে প্রথমে সেটা নির্ধারণ করতে হবে। তিনি অগ্রাধিকারভিত্তিতে পর্যটন পণ্য নির্বাচন, অভ্যন্তরীন পর্যটন উন্নয়ন, পর্যটন পণ্য বিপণনের জন্য বাজারের গতি বিশ্লেষন ইত্যাদি বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। তিনি আরও বলেন সকল পর্যটন পণ্যগুলো নিয়ে একসাথে কাজ করা যাবে না। সেক্ষেত্রে Priority Product, Specialized Product select করতে হবে। তিনি আরও বলেন পর্যটন বর্ষ পালনের অংশ হিসেবে ৫টি Product তৈরি করা যেতে পারে। পরিশেষে Product Development Strategies এর জন্য নির্দিষ্ট সময় ও বাজেট দিয়ে Academician, Govt. Official, Stakeholder দের সমন্বয়ে কমিটি গঠন করার প্রস্তাবনা রাখেন।

৭.০০ **জনাব মোঃ জামিউল আহমেদ, চেয়ারম্যান, টিডাব:** আলোচনায় অংশ নিয়ে তিনি বলেন পর্যটন আকর্ষণ/গন্তব্য এককভাবে পর্যটন পণ্য হতে পারে না। তবে পর্যটন গন্তব্যে পরিবহন, আবাসন, আপ্যায়ন এবং বিনোদন ইত্যাদির সংযোজন হলে সেটি পর্যটন পণ্য হতে পারে।এছাড়া তিনি পর্যটন উন্নয়ন বিষয়ক গুরুত্বপূর্ণ সভা/ সেমিনারে নীতিনির্ধারক এবং সিদ্ধান্ত প্রদানকারীদের উপস্থিতি নিশ্চিত করার উপর জোর দেন। এছাড়া তিনি Product Development Strategies এর জন্য নির্দিষ্ট সময় ও বাজেট দিয়ে Academician, Govt. Official, Stakeholder দের সমন্বয়ে কমিটি গঠন করার বিষয়ে তিনি একমত প্রকাশ করেন। অত:পর সরকারের উচ্চপদস্থ কর্মকর্তাদের উপস্থিতিতে আরও একটা ওয়ার্কশপ আয়োজন করার প্রস্তাবনা রাখেন।

৮.০০ **জনাব মোঃ আহসান উল্লাহ, বিভাগীয় প্রধান, ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ, ইবাইস ইউনিভার্সিটি :**

তিনি সকলকে ধন্যবাদ জানান। তিনি বলেন, বাংলাদেশ পর্যটন করপোরেশন প্রকৃতপক্ষে একটি জাতীয় প্রতিষ্ঠান এবং তা দেশব্যাপী সক্রিয়। সেইসাথে তিনি পর্যটন পণ্য বিপণনের জন্য বাজারের গতি বিশ্লেষন, পর্যটন নীতিমালা, বিভিন্ন প্রকার পর্যটন উন্নয়ন (পর্যটন আকর্ষণ উন্নয়ন, সমুদ্র সৈকত ও প্রাকৃতিক পর্যটন, সুন্দরবনে ইকোট্যুরিজম উন্নয়ন, প্রত্নতাত্তিক ও ঐতিহাসিক পর্যটন উন্নয়ন, নৌ-পর্যটন উন্নয়ন, গ্রামীন পর্যটন উন্নয়ন, ধর্মীয় পর্যটন উন্নয়ন, সাংস্কৃতিক পর্যটন উন্নয়ন, অভ্যন্তরীন পর্যটন উন্নয়ন, কমিউনিটি পর্যটন উন্নয়ন, ক্রীড়া পর্যটন উন্নয়ন) চিহ্নিতকরণ ইত্যাদি বিষয়ে আলোচনা করেন এবং Product Development Strategies এর জন্য নির্দিষ্ট সময় ও বাজেট দিয়ে Academician, Govt. Official, Stakeholder দের সমন্বয়ে কমিটি গঠন করার বিষয়ে তিনি একমত প্রকাশ করেন। অত:পর সরকারের উচ্চপদস্থ কর্মকর্তাদের উপস্থিতিতে আরও একটা ওয়ার্কশপ আয়োজন করা এবং বঙ্গবন্ধু শেখ মুজিব পর্যটন বিশ্ববিদ্যালয় গঠন করার প্রস্তাবনা রাখেন।

৯.০০ **জনাব শাহদাৎ হোসেন, পরিচালক (বাণিজ্যিক), বাংলাদেশ পর্যটন করপোরেশন :**

সভায় যোগদান ও মতামত প্রদানের জন্য সকলকে ধন্যবাদ জানান। তিনি বলেন স্টেকহোল্ডাদের মতামত গ্রহণ করে পর্যটন সামনে এগিয়ে যাবে। সেইসাথে তিনি পরিচালক(পরিকল্পনা) হিসেবে কাজ করার সময় নরসিংদির শিবপুরে পর্যটন কেন্দ্র করার বিষয়টি শেয়ার করেন। এছাড়া বিরিশিরিতে পর্যটন কেন্দ্র স্থাপনের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে সভাকে অবহিত করেন।

১০.০০ **সভাপতির বক্তব্য ও সিদ্ধান্ত :**

সভাপতি স্টেকহোল্ডার কর্মশালায় আগত সকল অংশীজনকে মূল্যবান বক্তব্য ও মতামত প্রদানের জন্য ধন্যবাদ জানান। তিনি বলেন, অংশীজনদের সাথে মত বিনিময়ের মাধ্যমে সমস্যাগুলো সম্পর্কে গভীর অন্তর্দৃষ্টি পাওয়া যায়। পারস্পরিক আলোচনায় সহযোগিতার ক্ষেত্রসমূহ চিহ্নিত হয়। পর্যটন আমাদের সমৃদ্ধির অন্যতম সোপান হতে পারে বলেও তিনি মন্তব্য করেন। তিনি বলেন পর্যটন করপোরেশন এককভাবে সবকিছু করতে পারেনা। কেননা পর্যটনের সাথে অনেকগুলো মন্ত্রণালয়/বিভাগ এবং বিষয় জড়িত।

সিদ্ধান্ত: ক) বিস্তারিত আলোচনার পর পর্যটন উন্নয়নে Product Identifications & Development Strategies প্রণয়নের বিষয়ে নিম্নবর্ণিত কমিটি গঠন করা হয়:

১) ড. সৈয়দ রাশেদুল হাসান, প্রফেসর, ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়-------আহবায়ক
২) জনাব আহসান উল্লাহ, বিভাগীয় প্রধান, ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ, ইবাইস ইউনিভার্সিটি---সদস্য
৩) জনাব জামিউল আহমেদ, চেয়ারম্যান, টিডাব--------------------------------------------------------------------সদস্য
৪) জনাব মো: তৌফিকুর রহমান, ব্যবস্থাপনা পরিচালক, জার্নিপ্লাস লি:-----------------------------------------------সদস্য
৫) জনাব মোঃ মাসুদ হোসেন, বেঙ্গল ট্যুরস----------------------------------------------------------------------সদস্য
৬) ড: এ আর খান, বিভাগীয় প্রধান, ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ, প্রাইম এশিয়া ইউনিভার্সিটি---সদস্য
৭) জনাব মোঃ মহিউদ্দিন হেলাল, এডিটর, পর্যটন বিচিত্রা------------------------------------------------------------ সদস্য
৮) বাংলাদেশ ট্যুরিজম বোর্ড হতে সিইও কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি ------------------------------------------ সদস্য
৯) জনাব জিয়াউল হক হাওলাদার,ব্যবস্থাপক, জনসংযোগ,বাংলাদেশ পর্যটন করপোরেশন-----------------------সদস্যসচিব

কমিটির কার্যপরিধি:

১। কমিটি পর্যটন উন্নয়নে Product Identifications & Development Strategies -এর উপর বিস্তারিত খসড়া প্রতিবেদন প্রণয়ন করবে।
২। কমিটি Product Identifications & Development Strategies –এর উপর খসড়া প্রতিবেদন প্রণয়নের নিমিত্ত আনুসাঙ্গিক/প্রয়োজনীয় সকল কার্যক্রম গ্রহণ করবে।
৩। কমিটি প্রয়োজনবোধে সংশ্লিষ্ট কোন বিশেষজ্ঞকে কো-অপ্ট করতে পারবে।
৪। কমিটি ১ মাসের মধ্যে খসড়া প্রতিবেদন বাংলাদেশ পর্যটন করপোরেশন কর্তৃপক্ষের নিকট দাখিল করবে।

সিদ্ধান্ত: খ) খসড়া প্রতিবেদন প্রাপ্তির পর বাংলাদেশ পর্যটন করপোরেশন হতে প্রশাসনিক মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে প্রস্তাবিত ওয়ার্কশপ /সেমিনার-এর আয়োজন করা হবে।

১১.০০ পরিশেষে সভাপতি অংশীজনদের যুক্তিযুক্ত প্রস্তাব ও সুপারিশসমূহ পর্যালোচনা ও বাস্তবায়নের জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ করা হবে মর্মে উপস্থিত সকলকে আশ্বস্ত করেন। সভায় আলোচনার আর কোন বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: মিজানুর রহমান)
পরিচালক (অর্থ ও প্রশাসন)

২২ চৈত্র ১৪২৩
তারিখ: --------------------
০৫ এপ্রিল ২০১৭

নথি নং-০০.০১৫.০১৮.২০.০১.০৭৩.২০১৩(১)/৫৭৮

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি :(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)
১। সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড, বিএসএল অফিস কমপ্লেক্স, ১ মিন্টু রোড, ঢাকা-১০০০।
৩। পরিচালক -------------------------------(সকল), বাপক, ঢাকা।
৪। মহাব্যবস্থাপক --------------------------(সকল), বাপক, ঢাকা।
৫। অধ্যক্ষ, এনএইচটিটিআই, বাপক, মহাখালী, ঢাকা।
৬। বিভাগীয় প্রধান/ ইউনিট ব্যবস্থাপক ---------------------------------- (সংশ্লিষ্ট), বাপক, ঢাকা।
৭। কমিটির সদস্য-----------------------------------
৮। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বাপক, ঢাকা------চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।

(এস.এম. হুমায়ুন কবির সরকার)
মহাব্যবস্থাপক (প্রশাসন)